२०२১

বাংলা - সাধারণ

চতুর্থ পত্র

পূৰ্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক। উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটিশব্দের বাংলা পরিভাষা লেখো।

2×20

Association, Bibliography, Comic relief, Corollary, Deconstruction, Epilogue, Epistle, Escapism, Genre, Free verse, High comedy, Impressionism, Invocation, Magnum opus, Science Fiction.

২। নিম্নলিখিত বিষয়গুলি থেকে *যে-কোনো একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো (অনধিক ৩০০ শব্দে)।

36

- (ক) জনজীবনে করোনা মহামারীর প্রভাব
- (খ) খেলাধুলায় ভারতবর্ষের অবস্থান
- (গ) সমাজগঠনে পাঠাগারের ভূমিকা
- (ঘ) বঙ্কিমচন্দ্রের উপন্যাস।
- **৩।** *যে-কোনো একটি* **অ**নুচ্ছেদ বাংলায় অনুবাদ করো।

16

- (क) In a village called Raipur a farmer lived. He had a small poultry farm. One morning working in the poultry farm he found a beautiful shining thing lying on the ground. He picked it up and exclaimed, "It is golden egg."
 - He carefully carried the golden egg into his house. He showed it to his wife. At first she was surprised and then cried happily, "We are rich! We have a hen that lays golden eggs. We will never have to work."
- (v) David Hare had come out to India in 1800 and, after retiring from the watch-trade about 1816, devoted the remaining quarter-century of his life and all his energy, time and fortune to the furtherance of the modern education and uplift of the people of his adopted country. He was the virtual founder of the Hindu College (1817) and the organiser of the School Book Society (1817) and the School Society (1818).
- 8। উদাহরণসহ সংজ্ঞা লেখো (*যে-কোনো দু-টি*)।

৫×২

- (ক) জোড়কলম শব্দ
- (খ) লোক নিরুক্তি
- (গ) সমাক্ষর লোপ
- (ঘ) স্বরাগম।

Please Turn Over

T(III)-Bengali-G/4	(2))

৫। নিম্নলিখিত অংশটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA)-র চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করো। 20 প্রকৃতির সঙ্গে মানুষের অন্তরের সম্বন্ধটি বড়ো বিচিত্র। বাহিরে তার কর্মক্ষেত্রে প্রকৃতি একরকমের, আবার আমাদের অন্তরের মধ্যে তার আর এক মূর্তি।

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

চেক প্রত্যাখ্যানের কারণ জানতে চেয়ে ব্যাংক কর্তৃপক্ষের কাছে একটি পত্র লেখো। 36

৬। (ক) তোমার প্রিয় কোনো সাহিত্যিকের সঙ্গে তোমার সাক্ষাৎকার লিপিবদ্ধ করো।

- বহুতল আবাসনগুলিতে অগ্নি-নিরাপত্তা ব্যবস্থার অভাব সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।
- ৭। (ক) কোনো প্রকাশকের সদ্যপ্রকাশিত বইয়ের প্রচার ও বিক্রয়ের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো। 36

(খ) জলাভূমি ভরাট করে আবাসন নির্মাণের অসাধু উদ্যোগের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানিয়ে পুলিশ-থানা কর্তৃপক্ষকে একটি পত্র লেখো। 36

৮। প্রুফ সংশোধন করো (অন্তত ২০টি)।

20

20

26

মূলকপি—

পুত্র তব চারি নরমণি। গুণশীলোত্তম রাম, কহ কোন্ গুণে? কী কুহকে কহ শুনি, কৌশল্যা মহিষী ভুলাইয়া মন তবং কী বিশিষ্ট গুণ দেখি রামচন্দ্রে দেব, ধর্ম নম্ভ করো?

প্রফকপি-

পুত্রতব চরি ণরমনী গুনশিলোত্তম রাম কহো কোনো গুণে কি কৃহকে তুমি কহ শুনি, কোসল্যা মযী ভূলইয়া মনো তবো কি বিশিষ্ট গুন দেখী বামচন্দে দেবো। ধন্ম নম্ভ কর?

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নিম্নলিখিত বানানগুলি সংশোধন করে লেখো। প্রতিযোগীতা, নুপুর, দুর্গা, জাতিয়তাবাদ, সমিচীন, দধীচী, উচ্ছাস, দুষন, পৌরানিক, ব্যাকারণ।

20